

## ২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি ও নিবন্ধন সংক্রান্ত জরুরী মোটিফ

১। যেসব শিক্ষার্থী কোন নির্দিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইনে আবেদনের মাধ্যমে ভর্তির সুযোগ পেয়ে ১৮৫/= টাকা রেজিস্ট্রেশন ফি জমা দিয়েছিল, কিন্তু শিক্ষা প্রতিষ্ঠান চূড়ান্ত নিশ্চায়ন করে নাই তাদেরকে আসন শূন্য থাকা সাপেক্ষে ২২/০৯/২০১৭ তারিখে সংশ্লিষ্ট কলেজ চূড়ান্ত নিশ্চায়ন করতে পারবে।

২। যেসব শিক্ষার্থী এখনও পর্যন্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয় নাই- তারা ১৯/০৯/২০১৭ তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে আসন শূন্য আছে এটা নিশ্চিত হয়ে শিক্ষক, এপ উদ্ঘোষ সহ ৫টি কলেজের EIIN সহ পছন্দক্রম উদ্ঘোষ করে সংশ্লিষ্ট বোর্ডের চেয়ারম্যান বরাবর মূল মার্কশিটের ফটোকপিসহ লিখিত আবেদন করবে। তাদের আবেদনের প্রেক্ষিতে বোর্ড থেকে কলেজ নির্বাচন করে দেয়া হবে এবং শিক্ষার্থী এই নির্বাচিত প্রতিষ্ঠানে ২৫/০৯/২০১৭ তারিখের মধ্যে ভর্তি হবে। ভর্তির সময় প্রতিষ্ঠান নিজ ভর্তি ফিস হিরাক বোর্ডের আবেদন ফি ১৫০/= টাকা এবং রেজি: ফি ১৮৫/= টাকা আদায় করবে।

৩। সমতূল্য এসএসসি সনদের মাধ্যমে শিক্ষার্থীরা ২৫/০৯/২০১৭ তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে আসন শূন্য থাকা সাপেক্ষে ভর্তি হবে।

৪। গ্রুপ ও বিষয় পরিবর্তন: আগামী ১৬/০৯/২০১৭ তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীদের চাহিদার প্রেক্ষিতে অভ্যন্তরীণভাবে অনুমোদিত বিষয় পরিবর্তন করতে পারবে, এ বিষয়ে বোর্ডকে অবহিত করার প্রয়োজন নাই। অনন্দিকে শিক্ষার্থীদের চাহিদার প্রেক্ষিতে আসন থাকি থাকা সাপেক্ষে অনলাইনে এপ পরিবর্তন করতে পারবে। এক্ষেত্রে কোন ফি গ্রহণ করতে হবে না।

৫। রেজিস্ট্রেশন: আগামী ১৯/০৯/২০১৭ তারিখ থেকে ২৮/০৯/২০১৭ তারিখ পর্যন্ত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন চলবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের পাসপোর্ট সাইজের ছবি, এপভিডিক বিষয় নির্বাচন এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে নির্দিষ্ট সময়ে অনলাইনে ভর্তি ওয়েবসাইটে [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd) এর মাধ্যমে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করবে।

৬। অনলাইনের বাইরে নটরডেম, হলিক্রস, সেট যোসেফ, বিকেএসপি, ক্যাডেট কলেজ, বিদেশ কলেজসমূহে যেসব শিক্ষার্থী ভর্তি হয়েছে তাদের রেজিস্ট্রেশন প্যানেলে তথ্য উপস্থাপন করতে হবে এবং শিক্ষার্থী প্রতি ১৮৫/= টাকা রেজি: ফি সোনালী সেবার মাধ্যমে স্ব বোর্ডে প্রেরণ করতে হবে।

  
(প্রক্রেসর মোঃ মাহাবুবুর রহমান)  
সভাপতি  
আন্তর্জাতিক শিক্ষা বোর্ড সমন্বয় সাৰ-কমিটি  
ও  
চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।